



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নথি নং-৪৬.০০.৩২০০.০১৭.২৭.০০৪.২০২০- ২৩৭৭

তারিখ : ৩০ অগ্রহায়ণ, ১৪২৭
১৫ ডিসেম্বর, ২০২০

প্রজ্ঞাপন

যেহেতু, গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলার ০২নং নলডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: তরিকুল ইসলাম নয়ন এর বিরুদ্ধে ট্যাক্সের টাকা উত্তোলনপূর্বক ব্যাংকে জমা না করা, ইউপি সদস্যদের অনুপস্থিতিতে রাতে বিচারকার্য পরিচালনা করা, স্বাক্ষর জাল করা, মসজিদ সংস্কার নামে অর্থ আত্মসাত, বয়স্ক ভাতা, বিধাব ভাতা প্রতিবন্ধী ভাতার কার্ড দেয়ার নাম করে অর্থ আদায়ের অভিযোগে উক্ত ইউনিয়ন পরিষদের ০৯ (নয়) জন সদস্য কর্তৃক অনাস্থা প্রস্তাব উত্থাপিত হয়েছে এবং সরেজমিন তদন্তে উত্থাপিত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে;

যেহেতু, উক্ত অনাস্থা প্রস্তাবের বিষয়ে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯ ধারা অনুযায়ী উপজেলা কৃষি কর্মকর্তা, সাদুল্লাপুর, গাইবান্ধা কর্তৃক বিশেষ সভা আহবান করে গোপন ব্যালটের মাধ্যমে অনাস্থা প্রস্তাবের পক্ষে ও বিপক্ষে ভোট গ্রহণ করা হয় এবং অনাস্থা প্রস্তাবের পক্ষে ০৯ (নয়)টি ভোট পড়ে যা দুই-তৃতীয়াংশের বেশী;

যেহেতু গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলার ০২নং নলডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: তরিকুল ইসলাম নয়ন এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং বিশেষ সভায় উত্থাপিত অনাস্থা প্রস্তাবটি দুই-তৃতীয়াংশের বেশী ভোটে গৃহীত হওয়ায় বর্ণিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক জনস্বার্থে ইউনিয়ন পরিষদের দায়িত্ব পালন করা সমীচীন হবে না মর্মে বিবেচিত হওয়ায় জেলা প্রশাসক, গাইবান্ধার সুপারিশসহ প্রেরিত অনাস্থা প্রস্তাবটি সরকার কর্তৃক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯(১৩) ধারা অনুযায়ী অনুমোদিত হয়েছে;

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯(১৩) ধারার বিধান অনুযায়ী সরকার কর্তৃক জনস্বার্থে অনাস্থা প্রস্তাবটি অনুমোদিত হওয়ায় ০২নং নলডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: তরিকুল ইসলাম নয়ন এর পদটি একই আইনের ৩৫(১)(চ) ধারা অনুযায়ী শূন্য ঘোষণা করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব

☎ ৯৫৮৬৬০৫


Email:Up1lgd@gmail.com

নথি নং-৪৬.০০.৩২০০.০১৭.২৭.০০৪.২০২০- ২৩৭৭

তারিখ : ৩০ অগ্রহায়ণ, ১৪২৭
১৫ ডিসেম্বর, ২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অতিরিক্ত সচিব (ইউপি), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। জনাব মো: তরিকুল ইসলাম নয়ন, চেয়ারম্যান (অপসারণকৃত), ০২ নং নলডাঙ্গা ইউনিয়ন পরিষদ, সাদুল্লাপুর, গাইবান্ধা।
- ০৮। অফিস কপি।



(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব